

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৫.০০৫.২৫.৬১৬

তারিখ : ০৩ আশ্বিন ১৪৩২
১৮ সেপ্টেম্বর ২০২৫

প্রজ্ঞাপন


বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে জেলা সদরে অবস্থিত পারিবারিক আদালতসমূহে নিয়মিত বিচারক নিয়োগ না হওয়া পর্যন্ত জেলা জজগণ-কে নিজ নিজ প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন এক/একাধিক সহকারী জজ/সিনিয়র সহকারী জজ পদমর্যাদার বিচারক-কে উক্ত পারিবারিক আদালত/আদালতসমূহের অতিরিক্ত দায়িত্ব প্রদান করার এবং চৌকি আদালতে পদায়নকৃত সহকারী জজ/সিনিয়র সহকারী জজ পদমর্যাদার বিচারকগণকে নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে উক্ত পারিবারিক আদালতের দায়িত্ব প্রদান করার ক্ষমতা অর্পণ করা হলো।

২। এই প্রজ্ঞাপনের তারিখ হতে ৯০ (নব্বই) দিনের মধ্যে সহকারী জজ/সিনিয়র সহকারী জজ আদালতে বিচারাধীন পারিবারিক মামলাসমূহ এসআরও নং ৩৬৯-আইন/২০২৫-এ বর্ণিত স্থানীয় এখতিয়ারের পারিবারিক আদালতে স্থানান্তর করার জন্য সংশ্লিষ্ট সহকারী জজ/সিনিয়র সহকারী জজগণ-কে নির্দেশ প্রদান করা হলো।

৩। কোনো মামলা যে পর্যায়ে স্থানান্তরিত হবে সে পর্যায় হতে উক্ত মামলার বিচারকার্য পরিচালিত হবে।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৮/৯/২৫
(মনজুর কাদের)
উপসচিব (প্রশাসন-১)

নম্বর : ১০.০০.০০০০.১২৮.১৫.০০৫.২৫.৬১৬/১(৯)

তারিখ : ০৩ আশ্বিন ১৪৩২
১৮ সেপ্টেম্বর ২০২৫

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২. জেলা ও দায়রা জজ (সকল)।
৩. উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. বিচারক, পারিবারিক আদালত (সকল)।
৬. সহকারী জজ/সিনিয়র সহকারী জজ (সকল)।
৭. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৮. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯. অফিস কপি/গার্ড ফাইল।


০৩/১০/২৫
(মুহাম্মদ আশেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৫৫১০০৪১২